গাংনীতে বিএনএফ এর অর্থায়নে প্রতিবন্ধীদের মাঝে বিনামুল্যে ছাগল বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী উন্নয়ন কর্মসুচীর আওতায় প্রতিবন্ধীদের মাঝে বিনামুল্যে ছাগল বিতরণ করা হয়েছে।

আজ (৩ নভেম্বর) মঙ্গলবার সকালে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে আলোচনা সভা শেষে ছাগল বিতরণ করা হয়। প্রতিবন্ধী পরিবারকে আর্থিক স্বচ্ছলতা ও সাবলম্বি করতে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন বিএনএফ এর অর্থায়নে ২৫ জনকে দুটি করে ছাগল দেয়া হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুর রহমাম। প্রতিবন্ধীদের উদ্দেশ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুর রহমান বলেন, প্রতিবন্ধীরা সমাজ বা পরিবারের বোঝা নয়। এরা সুবর্ণ নাগরিক। পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির এই উদ্যোগ খুবই প্রসংশিত। দুটি ছাগলই হতে পারে একটি অসচ্ছল পরিবারের স্বচ্ছজলতার উৎস।

উপকারভোগীরা জানান, বিএনএফ এর অর্থে পাওয়া বিনামুল্েযের ছাগল পালনের মাধ্যমে তারা সাবলম্বী হতে চান।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী ও উপজেলা প্রাণী সম্পদ অধিদপ্তরের ভারপ্রাপ্ত কর্মকর্তা ডাক্তার মো: আরিফুল ইসলাম। আলোচনা সভায় বক্তব্য দেন পিএসকেএস এর নির্বাহী পরিচালক মুহাঃ মোশাররফ হোসেন ও পরিচালক মোহাম্মদ কামরুজ্জামানসহ অতিথিবৃন্দ।

গাংনীতে পেঁয়াজ চাষিদের বিনামুল্যে পেঁয়াজ বীজ ও উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার আগ্রহী গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষিদের মাঝে বিনামুল্যে পেঁয়াজ বীজ,সার ও পলিথিন বিতরন করা হয়েছে।

২০২৫- ২৬ অর্থ বছরের খরিপ-২ মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় উপজেলার ৮ হাজার কৃষকদে পেঁয়াজ বীজ, রাসায়নিক সার, পলিথিনসহ বিভিন্ন উপকরণ বিতরন কাজের উদ্বোধন করা হয়।

আজ সোমবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা কৃষি অফিস চত্বরে প্রণোদনা বিতরনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ পরিচালক শায়খুল ইসলাম, গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা মতিয়র রহমান. উপজেলা কৃষি সম্প্রসারন কর্মকর্তা আরাফাত মিয়াসহ উপসহকারি কৃষি কর্মকর্তাগণ।

প্রণোদনায় প্রতিজন কৃষক পেয়েছেন এক কেজি পেয়াঁজ বীজ, এক কেজি কীটনাশক, দুই কেজি পলিথিন দশ কেজি ডিওপি ও দশ কেজি এমওপি সার।

ঝিনাইদহে কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ১৬’শ কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা পরিষদ চত্ত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ উপকরণ বিতরণ করা হয়।

এ সময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ নবী, অতিরিক্ত কৃষি কর্মকর্তা জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায়, সরকারের কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় উফশী আউশের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার বিভিন্ন এলাকার ১ হাজার ৬০০ কৃষককে এ উপকরণ দেওয়া হয়। প্রত্যেককে ৫ কেজি উন্নতজাতের বীজ ও ২০ কেজি রাসায়নিক সার দেওয়া হয়।

ঝিনাইদহে নারীদের মাঝে বিনামুল্যে বাছুর বিতরণ

নারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে ঝিনাইদহে হতদরিদ্র পরিবারদের মাঝে বিনামূল্যে গাভী গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

শনিবার সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

জাগো’র নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি। সেসময় উপস্থিত ছিলেন হরিশংকরপুর ইউনিয়নের সদস্য আব্দুল বারী, সংরক্ষিত নারী আসনের সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী সদস্য সাইফুল ইসলাম, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরেফিনসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামের ৫ জন নারীর মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়। এর আগে গাভী পালনের উপর ওই নারীদের ১ দিনের প্রশিক্ষণ প্রদাণ করা হয়। প্রশিক্ষণ প্রদাণ করেন সদর প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: তারেক হাসান মুসা।

ঝিনাইদহে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ

গাভী পালনের মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঝিনাইদহে অসহায়-দুস্থ নারীদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

আজ রোববার সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের বাকড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের বিশেষ বরাদ্ধ’র অর্থায়নে ও যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগোর) বাস্তবায়নে ওই এলাকার ১০ জন অসহায়-দুস্থ নারীদের মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়।
এডাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি। বিশেষ অতিথি ছিলেন কৃষক বন্ধু সমাজকল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক আবু সাঈদ সিকদার, হরিশংকরপুর ইউনিয়নের নারী ইউপি সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ, নির্বাহী সদস্য সাইফুল ইসলাম সদস্য মজনুর রহমান, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরিফিন। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে হরিশংকরপুর ইউনিয়নের ৩ টি গ্রামের ১০ জন দুস্থ নারীদের মাঝে বকনা বাছুর বিতরণ করেন প্রধান অতিথি ড. জিল্লুর রহমান এনডিসি।

ঝিনাইদহে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ

গাভী পালনের মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষে ঝিনাইদহে অসহায়-দুস্থ নারীদের গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ ও তাদের মাঝে বিনামুল্যে গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

আজ বুধবার বিকালে সদর উপজেলার রাজধরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

প্রাঙ্গণে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে ও যৌথ অগ্রসর মান সৃজক সংস্থা (জাগোর) বাস্তবায়নে দিনব্যপী প্রশিক্ষণ শেষে ঐ এলাকার ৬ জন অসহায়-দুস্থ নারীদের মাঝে গরুর বাছুর বিতরণ করা হয়।

হরিশংকরপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইব্রাহিম মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মমিনুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সেবা সংঘের নির্বাহী পরিচালক আনিছুর রহমান, মহিলা মেম্বর সালমা খাতুন, জাগোর নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ।

দিনব্যপী অনুষ্ঠানে প্রশিক্ষণ প্রদান করেন সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মনোজ কুমার মন্ডল।

ঝিনাইদহে ২ হাজার দুস্থ-অসহায়দের বিনামুল্যে স্বাস্থ্যসেবা প্রদাণ

ঝিনাইদহে ২ হাজার দুস্থ অসহায় মানুষদের বিনামুল্যে স্বাস্থ্য সেবা প্রদাণ করা হয়েছে। সেই সাথে দেওয়া হয়েছে বিভিন্ন প্রকার ঔষধ।

শনিবার সকালে পাগলাকানাই ইউনিয়ন পরিষদের আয়োজনে ইউনিয়ন পরিষদ চত্বরে বিনামুল্যে স্বাস্থ্যসেবা ক্যাম্পের উদ্বোধন করেন চেয়ারম্যান আবু সাঈদ বিশ্বাস । সেসময় বিএমএ’র সভাপতি ডাঃ মুন্সি মোঃ রেজা সেকেন্দার, রাবেয়া হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক সোহেল রানাসহ ইউনিয়ন পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

রাবেয়া হাসপাতালের সহযোগিতায় এ মেডিকেল ক্যাম্পে মেডিসিন বক্ষ্যব্যাধি, মা ও শিশু রোগ, শিশু বিশেষজ্ঞ, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ, গাইনী ও সার্জারী বিশেষজ্ঞ ৭ জন চিকিৎসক স্বাস্থ্য সেবা প্রদাণ করেন। সকাল ৯ টা থেকে শুরু হয়ে বিকাল ৫ টা পর্যন্ত

চলা এ মেডিকেল ক্যাম্পে পাগলাকানাই ইউনিয়নের বিভিন্ন গ্রামের ২ হাজার মানুষ স্বাস্থ্যসেবা গ্রহণ করেন। পরামর্শ ছাড়াও বিনামুল্যে ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, ইজিসি পরীক্ষা শেষে ঔষধ বিতরণ করা হয়।